প্রথম আলো

তারিখ 07 JAN 2015
পৃষ্ঠা ৪ কলাম ৬



# গণিতবিদ ও সাহিত্যিক মিজান রহমান আর নেই

টরন্টো প্রতিনিধি ●

কানাডার রাজধানী অটোয়ার কার্লটন বিশ্ববিদ্যালয়ের গণিতের সাবেক অধ্যাপক এবং বিশিষ্ট কথাসাহিত্যিক মিজান রহমান (৮৩) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গত সোমবার রাত নয়টার দিকে অটোয়ার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

মিজান রহমান দুই ছেলে রেখে গেছেন। আগামী শুক্রবার তাঁর দাফন সম্পন্ন হওয়ার কথা রয়েছে। মৃত্যুর আগে তিনি মরণোত্তর দেহ দান করে গেছেন।

১৯৩২ সালে ঢাকায় জন্মগ্রহণকারী মিজান রহমান ১৯৫৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গণিত ও পদার্থবিজ্ঞানে স্নাতক ডিগ্রি লাভ করেন। এরপর যুক্তরাষ্ট্রের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর এবং কানাডার একটি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৫ সালে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেন। একই বছর কার্লটন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা শুরু করেন। তাঁর লেখা *বেসিক হাইপোজিওমেট্রিক সিরিজ* কানাডার বিশ্ববিদ্যালয়ে পড়ানো হয়।

প্রগতিবাদী চেতনার ধারক মিজান রহমানের বাংলা ভাষায় লেখা বইয়ের সংখ্যা ১০টি। মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ এই লেখক নিয়মিত প্রবন্ধ লিখতেন।